

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৭/২০১৩

০৫ পৌষ ১৪২০  
তারিখ : ১৯ ডিসেম্বর ২০১৩

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

২০/১২/২০১৩ তারিখ শুক্রবার তফসিলি ব্যাংকসমূহ খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৮ ডিসেম্বর, ২০১৩ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৬/২০১৩ এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, আগামীকাল ২০ ডিসেম্বর, ২০১৩ তারিখ শুক্রবার সীমিত পরিসরে শুধুমাত্র ক্যাশ ও ক্লিয়ারিং সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য আপনাদের ব্যাংক শাখাগুলো খোলা রাখার নির্দেশনা দেয়া হয়েছে। ফলে, সব কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতির আবশ্যিকতা লক্ষ্যণীয় নয়।

০২। এখন থেকে জনস্বার্থে ছুটির দিনে ব্যাংক শাখা খোলা রাখার নির্দেশনা দেয়া হলেও সব কর্মকর্তা/কর্মচারী যেন সপ্তাহে অন্ততঃ এক দিন ছুটি ভোগ করতে পারেন তা অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(অসীম কুমার মজুমদার)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২৬১